



# বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়,  
করুণাজার।



ফোন : ০১৬৫০৮৪০৮

ইমেইল : [racoxsbazar@krishibank.org.bd](mailto:racoxsbazar@krishibank.org.bd)

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, করুণাজার এর জুলাই'২০২২ইং হতে সেপ্টেম্বর'২০২২ইং  
সময়কালের ১ম কোয়ার্টার এর শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ আলীনূর মাসুদ, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
তারিখ ও সময়	:	৩১/১০/২০২২ইং বিকাল ৩.০০ঘটকা
স্থান	:	আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, করুণাজার
উপস্থিতি	:	পরিষিষ্ঠিটি 'ক'

০১। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিতি কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের সকল পর্যায়ে শুদ্ধাচার চর্চার শুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, যে কোন দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা প্রতিষ্ঠানের উন্নতির জন্য শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সুসময় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরনে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, পরিবার, সমাজ, কর্মক্ষেত্র, রাষ্ট্র তথা জীবনের প্রতিটি অংশ থেকে ব্যক্তি শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তবজীবনে প্রয়োগের মাধ্যমে সামাজিক উন্নয়নে শুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। ব্যাংকিং খাতে নান্মূলী দুর্নীতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন সময়োপযোগি পদক্ষেপ। ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাপ্তিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দুর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে তিনি সভার শুরু করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে অত্র কার্যালয়ের মুখ্য কর্মকর্তা ও নৈতিকতা কামিটির সদস্য সচিব এবং ফোকাল কর্মকর্তা জনাব জাহাঙ্গীর আলম জুলাই'২০২২ইং হতে সেপ্টেম্বর'২০২২ইং সময়কালের ১ম কোয়ার্টারের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে এবং অক্টোবর'২০২২ হতে ডিসেম্বর'২০২২ খণ্ডে কোয়ার্টারের কর্মপরিকল্পনা সম্পর্কে আলোকপাত করেন-

০৩। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- ক) আগামী ডিসেম্বর'২০২২খ্রি পর্যন্ত আরও ০৫টি শাখার নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- খ) পেনশন ও তামাদি নিম্নস্থিতি সংক্রান্ত প্রতিবেদন সমূহ দ্রুতভাবে সাথে যোচাই করতে হবে।
- গ) শাখা সমূহকে বিভিন্ন প্রকার ঝুঁকির বিষয়ে সচেতন করে তোলা।
- ঘ) বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে কোন অভিযোগ পাওয়া গেলে স্বচ্ছতা ও সততার সাথে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ঙ) স্বচ্ছতা, জবাবদিহিতা ও সততার চর্চার মাধ্যমে শুদ্ধাচারের প্রয়োগ বৃদ্ধির জন্য নিরীক্ষা নজরদারী অত্যন্ত শুরুত্বপূর্ণ তাই নিরীক্ষাযোগ্য শাখাসমূহে নিরীক্ষা কার্যসম্পাদন করা জরুরী। জুলাই'২০২২ইং হতে সেপ্টেম্বর'২০২২ইং ত্রৈমাসিকে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, করুণাজার কর্তৃক ৪ টি শাখা নিরীক্ষা সম্পন্ন হয়েছে। এই প্রক্রিয়া জারী রাখতে হবে।
- চ) বিকেবি, প্রধান কার্যালয়ের নির্দেশক্রমে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, করুণাজার এর ২০২২-২০২৩ অর্থবছরের কর্ম পরিকল্পনা প্রণয়ন পূর্বক আগামী ০২/১১/২০২২ইং এর মধ্যে ওয়েব সাইটে আপলোড করা

৫। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় স্বাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

সূত্র নং- আনিকা/কয়/প্রশা-০৫/২০২২-২০২৩/১৩৬

সদয় জাতীয়ে অনুলিপি প্রেরণ :

(মোঃ আলীনূর মাসুদ)  
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা

তারিখ ৩১.১০.২০২২ ইং

- ০১। স্টফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ড, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, চট্টগ্রাম।
- ০৪। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, করুণাজার।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, করুণাজার মুখ্য অঞ্চল।
- ০৬। নথি/ মহানথি।